গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,ময়মনসিংহ
(রাজস্ব শাখা)
www.mymensingh.gov.bd

নংঃ ০৫.৪৫.৬১০০.০২৪.২৪.০২৯.২০- ৫৮ তারিখঃ ৩০ পৌষ, ১৪৩০ / ১৪ জানুয়ারি, ২০২৪

# জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহবান

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ময়মনসিংহ জেলা প্রশাসনের আওতাধীন (২০.০০ একরের উর্ধ্বে, বদ্ধ) ইজারাযোগ্য জলমহাল বাংলা ১৪৩১ সন হতে ১৪৩৩ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণলায়, সায়রাত-১ এর গত ০২ নভেম্বর, ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১).৬৬২ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.mymensingh.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনলাইনে আবেদন ও অন্যান্য কার্যক্রম গ্রহণ করতে হবে।

| ক্রঃ নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | বাংলা ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন, ১৪৩০ এর মধ্যে (২৩/০১/২০২৪ থেকে ১৬/০২/২০২৪ তারিখের মধ্যে) | অনলাইনে ইজারার আবেদন দাখিল করতে হবে। |
| ০২ | বাংলা ০৩ ফাল্গুন এর পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে) ১৮/০২/২০২৪ থেকে ২০/০২/২০২৪ তারিখের মধ্যে) ( অফিস চলাকালীন সময়ে) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর (রাজস্ব শাখায়) দাখিল করতে হবে। |

**১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহাল সমুহের তালিকাঃ-**

| ক্রমিক নং | উপজেলা | জলমহালের নাম | জলমহালের আয়তন | বার্ষিক সম্ভাব্য সরকারি মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ফুলপুর | কোকড়াডোবা | ৭৭.০০ একর (কম/বেশী) | ২,৫২,০০০/- |
| ০২ | তারাকান্দা | চিকনী বিল | ৩৫.৯৯ একর (কম/বেশী) | ৪৯,১৭৫/- |
| ০৩ | ঐ | কালিয়ান বিল | ২২.৬০ একর (কম/বেশী) | ৬০,৯০০/- |
| ০৪ | ঐ | হাইলী বিল | ৪৩.৬৪ একর (কম/বেশী) | ১,৯৬৯/- |
| ০৫ | গৌরীপুর | নুন্নীগাং | ২৮.৪৩ একর (কম/বেশী) | ২২,৫৭৫/- |
| ০৬ | ঐ | চৌকানদী | ৩৪.১২ একর (কম/বেশী) | ৪২,০০০/- |
| ০৭ | ঐ | জলবুরুজ্ঞা | ৫৯.০২ একর (কম/বেশী) | ৪,৬২,০০০/- |
| ০৮ | ফুলবাড়ীয়া | ভাউয়াল বিল | ৪৮.৩৬ একর (কম/বেশী) | ৪৩,০৫০/- |

**নিয়মাবলীঃ**

০১। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

০২। আবেদনকারী কর্তৃক জলমহালটি সরজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোন অংশ ভরাট হয়ে গেছে মর্মে কোন প্রশ্ন বা দাবি উত্থাপন করা যাবে না । করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

০৩। ইজারা সংক্রান্ত আবেদন ফরম অফেরযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকায় জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর রাজস্ব শাখা হতে সংগ্রহ করতে হবে।

০৪। পুরণকৃত আবেদন ফরমটি অনালইনে স্ক্যান করে দাখিলপূর্বক ফরমের মূল কপি ৫০০/-(পাঁচশত) টাকা জমা রশিদসহ অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকা জামানত হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর (রাজস্ব শাখায়) দাখিল করতে হবে।

০৫। সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন, ডানপার্শ্বে জেলা প্রশাসক, ময়মনসিংহ এবং খামের বাম পার্শ্বে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

০৬। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

০৭। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চুড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮। জলমহাল ইজারা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারা অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নিঁধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৯। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

১০। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১১। নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি দাখিল করতে হবে,

১২। মৎস্যজীবীদের জাতীয় পরিচয় পত্র দাখিল করতে হবে।

১৩। আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১৪। সমিতির গঠনতন্ত্র দাখিল করতে হবে।

১৫। সমিতির সভার কার্যবিবরণী দাখিল করতে হবে।

১৬। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুল অনুসারে) দাখিল করতে হবে।

১৭। বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্টসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোন কাগজপত্র দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

১৮। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১৯। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সরক্ষণ করেন।

২৪/০/২০২৪

(দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী)
জেলা প্রশাসক
ময়মনসিংহ
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, ময়মনসিংহ।